

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ মে ২০২২

আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের প্রাক বাজেট আলোচনা সভায় ভারপ্রাপ্ত মেয়র

চসিকের আগামী বাজেটে প্রান্তিক জনগোষ্ঠির

জীবনমান উন্নয়নে অগ্রাধিকার দেয়া হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন বলেছেন, চসিকের আগামী অর্থ বছরের বাজেটে প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে অগ্রাধিকার দেয়া হবে। আমরা মনে করি, স্থানীয় সরকার পরিচালনাধীন সিটি কর্পোরেশন ও পৌরসভার বাজেট প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা গেলেই টেকসই উন্নয়নের পথ সুগম হবে। বাজেট প্রক্রিয়ার মাধ্যমে শুধুমাত্র একটি প্রতিষ্ঠানের এক বছরের পরিকল্পনা রচিত হয় না, বরং এলাকার মানুষের এক বছরের উন্নয়নের চিত্র পরিলক্ষিত হয়। বাজেট প্রণয়নের পূর্বে প্রাক-বাজেট নিয়ে আজ মঙ্গলবার সকালে চসিকের বাটালিহিলস্থ অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের উদ্যোগে প্রাক-বাজেট আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার ক্ষুধা-দারিদ্রমুক্ত এবং উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে কাজ করে যাচ্ছে। আমরা সকলে মিলেমিশে একসাথে কাজ করলে ২০৩০ সালের আগেই আমরা নির্ধারিত লক্ষ্য অর্জনে সামর্থ্য হবো। তিনি প্রসঙ্গক্রমে আরো বলেন, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতির কারণে আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে বড় ধরনের অস্থিতিশীলতা বিরাজ করছে। জ্বালানী তেলের দাম বেড়েছে। এজন্য আমাদের ব্যয় সংকোচন করার ব্যাপারে আরো সতর্ক থাকতে হবে। দেশের উন্নয়নের বড় কর্তব্য হলে শ্রমজীবী সাধারণ মানুষ। শ্রমজীবী মানুষের মাধ্যমেই দেশের অর্থনীতির ভিত মজবুত হয়। তাই প্রান্তিক জনগোষ্ঠির জীবন মান উন্নয়নে আমাদের সক্রিয় থাকতে হবে বলে অভিমত ব্যক্ত করেন। কমিউনিটি ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের পক্ষ থেকে প্রান্তিক জনগোষ্ঠির চাহিদার আলোকে প্রস্তাবনাগুলো দেয়া হয়েছে চসিকের আগামী বাজেটে সেগুলো গুরুত্ব দেবে বলে আশা করেন।

এ সময় আরো বক্তব্য রাখেন ওয়ার্ড কাউন্সিলর ওয়াসিম উদ্দিন চৌধুরী, আবুল হাসনাত বেলাল, আবদুস সালাম মাসুম, শাহেদ ইকবাল বাবু, সংরক্ষিত কাউন্সিলর আনজুমান আরা বেগম, তসলিমা বেগম নূর জাহান, শাহিন আকতার রোজী, কমিনিউটি অর্গানাইজেশনের আরফাতুল জান্নাত, আবু সায়েম আরিফ, ওয়াসিম আকরাম, মাসুম বিল্লাহ, মো. মোজাহিদুল রহমান সৌরভ, তাসবিন আকতার, মেঘলা, নার্গিস বেগম, পূবরী দাশ, শারমিন আকতার, জাকিয়া প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালতের অভিযান

রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা পরিচালনা করার দায়ে

৭ প্রতিষ্ঠানকে ৩৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার সকালে নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে পাহাড়তলী ডিটি রোড ও পোর্ট কানেকটিং রোডের সংযোগ সড়কের উভয় পার্শ্বে রাস্তা ও ফুটপাথ দখল করে পুরতান লোহা ও মেশিনারী সামগ্রীর ব্যবসা পরিচালনা করে জনসাধারণের চলাচলে ভোগান্তি সৃষ্টির দায়ে সাত প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা রঞ্জুপূর্বক ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযান পরিচালনাকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩